

সময় মত পাট ও পাট জাতীয় ফসলের বীজ বপন করুন-

- সারিতে তোষা পাট ও মেস্তা বীজ বপন করুন। এতে আগুপরিচর্যা যেমন- আগাছা দমন, গাছ পাতলা করন, সার প্রয়োগ, পোকা মাকড়, রোগ বালাই দমন ইত্যাদি কাজ সহজে করা যাবে।

পাট ও পাট জাতীয় ফসলের চারা গাছের যত্ন নিন-

- প্রথম অবস্থায় চারা পাট গাছ খুবই দুর্বল থাকে। যাতে চারা ভালভাবে বাড়তে পারে তার জন্য পাট ক্ষেতে আচড়া দিয়ে মাটি ভেঙ্গে নিন।
- পাট ক্ষেতে নিড়ি দিন। পাট ক্ষেতে নিড়ানী যন্ত্রের সাহায্যে নিড়ি দিয়ে আগাছা তুলে ফেলুন। এতে আগাছা দমনের খরচ অনেকাংশে কমে যাবে। প্রয়োজনমত গাছ রেখে বাকী গাছ নিড়ানী দিয়ে উপড়ে ফেলুন।
- পাটের জমিতে আগাছা দমনের জন্য বিভিন্ন প্রকার আগাছা নাশকের ব্যবহার করা যায়। এ আগাছা নাশকের মধ্যে নিম্নলিখিত রাসায়নিক গুলি কৃষক পর্যায়ে ব্যবহার শুরু হয়েছে। রাসায়নিক দ্রব্যের মধ্যে ফেনোক্সিপ্রো-পি-ইথাইল (উইপ সুপার-৬৫০ এমএল/হে., রিকভার ৯ইসি এমএল/হে., ইউনিটপ ৯ইসি এমএল/হে. ইত্যাদি), মেটামিফপ (পাইজের ১০ইসি এমএল/হে.) এবং কুইজালোফপ-পি-ইথাইল টেগরা সুপার ৫০ইসি ৬৫০এমএল/হে., উইডনিল ৫ইসি ৬৫০এমএল/হে., ইরেজার ৫ইসি ৬৫০এমএল/হে. ইত্যাদি) এই তিন প্রকারের আগাছা নাশক বর্তমানে পাটের জমিতে ব্যবহার হচ্ছে। ফেনোক্সিপ্রো-পি-ইথাইল এবং কুইজালোফপ-পি-ইথাইল এই গুলির প্রয়োগে শ্যামা, ক্ষুদ্রশ্যামা, আগুলি ও গিটলা ঘাস দমন করা যায়।
- অপর একটি রাসায়নিক আগাছা নাশক ইথোক্সি সালফিউরান (২০০ গ্রাম/হেক্টর)(যেমন-সানরাইজ-১৫০ডরউজি) এর মাধ্যমে পাটক্ষেতের মুখা (ভাদাইল) আগাছা দমনে বর্তমানে পাটের জমিতে ব্যবহার হচ্ছে।
- পাটের জমিতে গাছের বয়স যখন ১৫ থেকে ২০ দিন হয় অথবা পাটের চারা গাছ গুলির যখন দুই তিন টি পাতা হয় তখন পাটের জমিতে পাটের চারার গোড়ার মাটিতে আগাছার উপর আগাছা নাশক স্প্রে করলে ভাল ফল পাওয়া যায়।

পাট ও পাট জাতীয় ফসলের ক্ষেতে উপরি সার প্রয়োগ করুন-

- পাট বীজ বপনের ৪০-৪৫ দিনের মাথায় প্রথম পরিমিত উপরি ইউরিয়া সার দিন এবং প্রয়োজন মত জমিতে হাল্কা সেচ দিন।
- বীজ বপনের ৬-৭ সপ্তাহ পরে জমি নিড়ানী দিয়ে আগাছা মুক্ত করে ফাল্গুনি তোষার জন্য হেক্টর প্রতি ১০০ কেজি, ওএম-১ জাতের জন্য ৮৮.৫ কেজি, বিজেআরআই তোষা পাট-৪ (ও-৭২), বিজেআরআই তোষা পাট-৫ (ও-৭৯৫) জাতের জন্য ৬০-৬২ কেজি, মেসন্না এইচএস-২৪ জাতের জন্য ৫৫ কেজি এবং কেনাফ এইচসি-৯৫ জাতের জন্য ৬৬ কেজি ইউরিয়া সার কিছু পরিমাণ শূকনা মাটির সাথে মিশিয়ে জমিতে ছিটিয়ে উপরি প্রয়োগ করে নিড়ানীর সাহায্যে মাটির সাথে মিশিয়ে দিতে হবে।
- এ পর্যায়ে সার প্রয়োগের সময় জমিতে যেন যথেষ্ট পরিমাণে থাকে এবং সার যাতে গাছের কচিপাতা এবং ডগায় না লাগে সে দিকে লক্ষ্য রাখবেন।

পাট ও পাট জাতীয় ফসলের ক্ষেতে সেচ ও নিকাশ করুন-

- আবার কোথাও পানি দাঁড়ালে নালা করে পানি সরিয়ে দিন। কারণ চারাগাছ পানি সহ্য করতে পারে না।